



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/যশোর-১৫৭/২২০২৪/নথি নং-৭৫৭

তারিখ: ২২.১০.২০১৮ খ্রি:

**বিষয়ঃ অনুমোদিত ম্যানেজিং কমিটির সভাপতি পদের কার্যকারিতা স্থগিতকরণ এবং সরকার পক্ষের মামলা পরিচালনা প্রসঙ্গে।**

সূত্রঃ নং-রিট পিটিশন নং- ১১৯২৫/২০১৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, যশোর জেলার কেশবপুর উপজেলাধীন বেতীখোলা দারুস সুন্নাহ দাখিল মাদ্রাসার ভারপ্রাপ্ত সুপারের আবেদনের প্রেক্ষিতে এ দপ্তর হতে নং-বামাশিবো/প্রশা/১৮৪৭/২/নথি নং-যশোর-১৫৭; তারিখ: ১৫/১১/২০১৬ খ্রি: স্মারকে সভাপতি মনোনয়নসহ ম্যানেজিং কমিটির অনুমোদন দেয়া হয়। পরবর্তীতে অনুমোদিত ম্যানেজিং কমিটির মনোনীত সভাপতি জনাব মোঃ আব্দুস সালাম মাষ্টার এর বিরুদ্ধে জনাব মো: শুকুর আলী সরদার মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ১১৯২৫/২০১৮ দায়ের করেন। উক্ত রিট পিটিশনের প্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক উল্লিখিত স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটির সভাপতি হিসাবে মনোনয়নপ্রাপ্ত জনাব মো: আব্দুস সালাম মাষ্টার এর কার্যকারিতার উপর স্থগিতাদেশ জারি করা হয়েছে। মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ বলবৎ থাকাকালীন উক্ত স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটির সভাপতি মো: আব্দুস সালাম মাষ্টারের সভাপতির পদের কার্যকারিতা এতদ্বারা স্থগিত করা হলো।

২) রিট মামলাটি বোর্ডের তথা সরকারের পক্ষে পরিচালনার জন্য মাদ্রাসার সুপারকে অনুরোধ করা হলো। উল্লেখ্য, মামলা পরিচালনার জন্য কোন ব্যয় ভার বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ বহন করবে না এবং মামলার অগ্রগতির বিষয়ে সময় সময়ে বোর্ডকে অবহিত করার জন্য নির্দেশ দেওয়া হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ মজিবুর রহমান  
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬৭৪৮৭৪

প্রাপক: সুপার/ভারপ্রাপ্ত সুপার, বেতীখোলা দারুস সুন্নাহ দাখিল মাদ্রাসা  
পোস্ট: পাঁজিয়া, উপজেলা: কেশবপুর, জেলা: যশোর।

নং-বামাশিবো/প্রশাসন/যশোর-১৫৭/২২০২৪/নথি নং-৭৫৭

তারিখ: ২২.১০.২০১৮ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

- ১। জেলা প্রশাসক, যশোর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, কেশবপুর, যশোর।
- ৩। জনাব মো: শুকুর আলী সরদার (রিট পিটিশন নং- ১১৯২৫/২০১৮ এর বাদী)
- ৪। পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ড, ঢাকা।
- ৫। অফিস কপি।

মো: মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬৭৪৮৭৪